দৈনিক বাংলা

বাংলাদেশ শিল্পকলা তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন
কেন্দ্র

24

তারিখ ... 03 FEB 1989 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ...

# ডাকসু নির্বাচন : ভোটার সংখ্যা বাড়তে পারে

(স্টাফ রিপোর্টার)

৮ই ফেব্রুয়ারী অনুষ্ঠেয় ডাকসু নির্বাচনে ভোটার সংখ্যা আরও বাড়বে। বিভিন্ন বিভাগে বিভিন্ন

(শেষ পৃঃ ১ এর কঃ দ্রঃ)

## ডাকসু নির্বাচন

(প্রথম পৃঃ পর)

বর্ষের যে সকল ছাত্রছাত্রীর ভর্তির কাজ এখনও বাকী তারা ৭ই ফেব্রুয়ারীর মধ্যে ভর্তি হলে ডাকসু এবং হল সংসদে ভোট দেয়ার সুযোগ পাবেন। নির্বাচন কমিশন সূত্রে এ খবর জানা গেছে।

উল্লেখ্য, ২৫শে জানুয়ারী পর্যন্ত ডাকসুতে ভোটার সংখ্যা ছিল ২৪ হাজার ২২৫ জন। শেষ দিন পর্যন্ত হাজারের মত বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে।

আসন্ন ডাকসু ও হল সংসদ নির্বাচনে নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত নিরাপত্তা কমিটির এক সভা গতকাল ভাইস চান্সেলর প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় ভোট গ্রহণ ও গণনা-কালে সার্বিক নিরাপত্তার ব্যাপারে কয়েকটি সিদ্ধান্ত হয়। বিভিন্ন হল ও ভোট গণনা কেন্দ্রে পর্যাপ্ত নিরাপত্তা বজায় থাকবে।

সভার সিদ্ধান্ত অনুযায়ী ভোট গণনাকারীদের কেন্দ্রের ভেতরে প্রবেশের পর ভোট গণনা সমাপ্ত না হওয়া পর্যন্ত বাইরে বেরোতে দেয়া হবে না।